



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪-৫৫৫


তারিখ: ২৪/৬/২০১৮ খ্রি:।

বিষয়: প্রকল্প মেয়াদে আদায়কৃত সেবামূল্য এবং বিভিন্ন উৎস হতে সুদ প্রাপ্তির হিসাব প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের মেয়াদ আগামী ৩০ জুন, ২০১৮ খ্রি: তারিখে সমাপ্ত হবে। মেয়াদ শেষে অনুমোদিত আরডিপিপি'র নির্দেশনা এবং বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড আইন, ২০১৮ অনুযায়ী কর্তৃপক্ষের নির্দেশক্রমে পরবর্তিতে কর্মসূচি আলোকে পরিচালিত হবে। কর্মসূচি আকারে প্রকল্পটি পরিচালনার স্বার্থে কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের জন্য প্রকল্প মেয়াদে আদায়কৃত সেবামূল্য এবং বিভিন্ন উৎস হতে সুদ প্রাপ্তির হিসাব জানা প্রয়োজন।

এমতাবস্থায়, প্রকল্প মেয়াদে আদায়কৃত সেবামূল্য এবং বিভিন্ন উৎস হতে সুদ প্রাপ্তির হিসাব সংক্রান্ত 'ছক ক-এ৩' পূরণপূর্বক আগামী ০৮/০৭/২০১৮ খ্রি: তারিখে মধ্যে প্রকল্প দপ্তরে ই-মেইল এর মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, ৩০/০৬/২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত সকল হিসাব হালনাগাদ করে এবং সুফলভোগীদের জমাকৃত সঞ্চয়ের উপর চলতি অর্থ বছরের লভ্যাংশ প্রদানপূর্বক ছকে চাহিত তথ্যসমূহ প্রেরণ করতে হবে। তথ্য প্রেরণের সুবিধার্থে ডাউনলোড করে ব্যবহার করার জন্য প্রকল্পের ওয়েব সাইটে ছকের সফটকপি সংযুক্ত রাখা হয়েছে।

সংযুক্তি - বর্ণনামতে (ছক-ক-এ৩) ৪ পাতা।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৩

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলা :-----,
জেলা :-----।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা :----- (বিষয়টি তদারকির অনুরোধসহ)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), ইরেসপো, বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।